# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bdemail: dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/বিনি/৬ষ্ঠ শ্রেণি/২০২৪/১৬১(৪১০০) তারিখঃ ১০/০৯/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ ২০২৪ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে নিম্ন বর্ণিত নিদের্শনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

১। জাতীয় শিক্ষা নীতি, ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি শিক্ষার্থীর নূন্যতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর। তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০বছর।

২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩ নং আইন)- এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রনালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রনালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরাদ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রশন করা যাবে।

**কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।**

৪। দিনাজপুর বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Passworad দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF CLASS-VI- তে ক্লিক করলে Payable Fees of CLASS-VI 2024 Registration- এ Applicant Name, Mobile No. এবং Number of Students দিয়ে Print Sonali Seba- এ ক্লিক সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)।

**ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে।**

৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০) = ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহণ করে এর ৬০ শতাংশ অর্থাৎ ১২(বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ০৮/ (আট) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৬। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও জন্ম সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না।

**শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটি'র সদস্যগণ যৌথভাবে দায়ী থাকিবেন।**

৭। ফি জমাদান ও eSIF পূরণের তারিখঃ ২২/০৯/২০২৪ খ্রিঃ তারিখ হতে ২১/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত।

শিক্ষার্থীপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপঃ-

| রেজিস্ট্রেশন ফি (টাকায়) | রেডক্রিসেন্ট ফি (টাকায়) | মোট জরিমানা ছাড়া (টাকায়) |
|---|---|---|
| ৫০/- | ০৮/- | ৫৮/- |

৮। শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৯। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় যে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ২০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে (Login Passwoard) সংগ্রহ করতে হবে।

১০। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা প্রাথমিক সমাপনি পরীক্ষা পাসের সনদ অনুযায়ী পিতা ওমাতার নাম এন্ট্রি করতে হবে।
(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।
(গ) শিক্ষার্থীর নামের পূর্বে জনাব/জনাবা/Mr/Mrs/Miss/Mrs/Advocate/Hazi/Al Haj/Engr/Late/Major/Colonel/ Brigadier/Dr/Prof. ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA/MCom/MSc/BA/BCom/BSc/BSS/FRCS/PHD/ FCPS/Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।
(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে।

১১। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষর্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা একারণে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১২। স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরর্বতীতে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **"বিশেষ চাহিদাসম্পন্ন কি না"** তা উল্লেখ করতে হবে এবং প্রমান স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৪। প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।

১৫। যে সকল স্কুল এবং স্কুল ও কলেজ- এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

**ই-মেইল করুনঃ-dboardhelp@gmail.com**

**জেলা ভিত্তিক দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর তালিকা নিম্নরুপঃ**

| ক্রঃ নং | জেলার নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | গাইবান্ধা | মোঃ মেসবাহুল ইসলাম, সেকশন অফিসার | ০১৯১৩-১৪৯১৯৫ |
| ০২ | কুড়িগ্রাম | মোঃ নুরুজ্জামান, সেকশন অফিসার | ০১৭১৮-৯৩৭১২১ |
| ০৩ | রংপুর | মোঃ আবু সায়েম, উচ্চমান সহকারি | ০১৭৪০-৯০২৫১০ |
| ০৪ | দিনাজপুর | রাশেদা খাতুন, ষ্ট্যানো টাইপিষ্ট | ০১৭৩৪-৯৩৫৭৭৮ |
| ০৫ | লালমনিরহাট ও পঞ্চগড় | আবু জাহিদ মোহাম্মদ সায়েম, ক্যাশ সরকার | ০১৬৪৪-৫০৬৫০৪ |
| ০৬ | নীলফামারী ও ঠাকুরগাঁও | মোঃ শহিদুল ইসলাম, নাম্বারিং মেশিন অপারেটর | ০১৭১২-২৫৬৪৬৬ |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১০/০৭/২০২৪

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতি প্রাপ্ত সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক/নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়।

স্মারক নং- মাশিবো/পরিদর্শক/নবম শ্রেণি/২০২৪/১৭১ (৪১০৩) তারিখঃ ১০/০৭/২৪

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৪। হিসাব রক্ষণ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। সিস্টেম এনালিষ্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার, রাজশাহী শিক্ষা বোর্ড, রাজশাহী।
৬। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৭। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৮। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১০/০৭/২০২৪
(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।